গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা

রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'বাজেট বাস্তবায়ন কমিটি'র সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব |
| সভার তারিখ | ২৬.১১.২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (সভাকক্ষ ও জুম প্লাটফর্ম)। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: সভাপতি সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-কে আহবান জানান। সভায় রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয় পরিকল্পনা), এপিপি ও বিআইপি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপসচিব (বাজেট, বাস্তবায়ন ও পরিবীক্ষণ) পাওয়ার পয়েন্টের মাধ্যমে কার্যপত্র ও বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

০২। আলোচ্যসুচি-১ : বিগত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি।
বিগত ৪ সেপ্টেম্বর ২০২৩ অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয় এর ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার গুরত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্ত ছকে দেয়া হলোঃ

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা | অগ্রগতি |
|---|---|---|---|
| (ক) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক এবং ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টার অনুযায়ী রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে এবং পরিচালন ব্যয়ের গ-১ ফরমে যথাযথভাবে বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও ১১৬ টি বাজেট ইউনিটকে আগামী ০৭ কার্যদিবসের মধ্যে পুনরায় তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। | ১। সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়ের এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তর এর রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে এবং পরিচালন ব্যয়ের গ-১ ফরমে যথাযথভাবে তথ্য ও আইবাস রিপোর্ট পাওয়া গেছে।<br>২। বাংলাদেশ রেলওয়ে হতে পরিচালন (সাধারন কার্যক্রম) এর পরিচালন ব্যয়ের গ-১ ফরমে তথ্য ও আইবাস রিপোর্ট পাওয়া গেছে। তবে, পরিচালন (বিশেষ কার্যক্রম) এর পরিচালন ব্যয়ের গ-১ ফরমে তথ্য পাওয়া যায়নি।<br>৩। রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে মহাপরিচালকের কার্যালয় তথ্য পাওয়া গেছে এবং পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল হতে প্রাপ্তি ১ ও ২ ফরমে তথ্য পাওয়া গেছে।<br>৪। রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব আয়ের সকল ক্ষেত্রে কোন আইবাস রিপোর্ট পাওয়া যায়নি। |

| | | | |
|---|---|---|---|
| (খ) | বাংলাদেশ রেলওয়ের যে-সকল বাজেট ইউনিট হতে নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের বিআইপি ও এপিপি যথাযথভাবে পাওয়া যায়নি সে-সকল বাজেট ইউনিটের বাজেট ছাড় বন্ধ করার ব্যবস্থা করতে হবে এবং এর কারণ ব্যাখা চেয়ে পত্র প্রেরণ করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেটের আওতায় বিশেষ কার্যক্রমভুক্ত বাজেটের কোয়ার্টারভিত্তিক বরাদ্দ বিভাজন ও এপিপি আগামী ০৭ কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে | সকল বিআইপি প্রস্তুত করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের ১১৭ টি ডিডিওর সরকারি ক্রয় সংক্রান্ত এপিপি কার্যক্রম বিষয়ে (ইজিপি, ডিপিএম, ওটিএম, এলটিএম) আলোচনা প্রয়োজন। |
| (গ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে আগামী অক্টোবর/২০২৩ মাসে বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল জোন এবং পশ্চিমাঞ্চল জোনে দুটি পৃথক বাজেট সভা আহ্বান করতে হবে। | (১)অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>(২) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা | বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল জোন ১৬ সেপ্টেম্বর ২০২৩, পশ্চিমাঞ্চল জোন ২৩ সেপ্টেম্বর ২০২৩ এবং কেন্দ্রিয়াঞ্চল ১২ অক্টোবর ২০২৩ সচিব, রেলপথ মন্ত্রণালয় এর উপস্থিতিতে বিশেষ বাজেট সভা আয়োজন করা হয়। |
| (ঘ) | রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও আইবাস সিস্টেমের বিভিন্ন সমস্যা নির্ধারণ , সমাধানের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিত্বে যথাশীঘ্র বিশেষ সভা আহ্বান করতে হবে | (১)মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>(৩)উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা | অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এতদ্বিষয়ে ২৬ অক্টোবর ২০২৩ আইবাস বিষয়ে অর্থ বিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে সভা আয়োজন করা হয়। |
| (ঙ) | বাংলাদেশ রেলওয়ের চলমান ৩৩ টি প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে যথাশীঘ্র সভা আহ্বান করতে হবে। | (১)মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>(৩)উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা | বাংলাদেশ রেলওয়ের চলমান ৩৩ টি প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সচিব, রেলপথ মন্ত্রণালয় এর উপস্থিতিতে মন্ত্রণালয়ে ১২ অক্টোবর ২০২৩ তারিখে বিশেষ বাজেট সভা আয়োজন করা হয়। |
| (চ) | বাংলাদেশ রেলওয়ের বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যক্রম-কে আরো দক্ষ ও কার্যকর করার জন্য পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল-এর অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট বাজেট ইউনিটসমূহের বাজেট কর্মকর্তাদের নিয়ে প্রতি মাসে বাজেট সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। এ লক্ষ্যে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের সভাপতিত্বে গঠিত বাজেট বাস্তবায়ন কমিটির সভানুষ্ঠান নিয়মিত করতে হবে। সভার কার্যবিবরণী নিয়মিতভাবে প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। | ১। কেন্দ্রীয়াঞ্চল-এ ২১ নভেম্বর ২০২৩ বাজেট সভা অনুষ্ঠিত হয়<br>২। পূর্বাঞ্চল এ ০২ আগষ্ট ২০২৩ বাজেট সভা অনুষ্ঠিত হয়<br>৩। পশ্চিমাঞ্চল এ ২৬ অক্টোবর বাজেট সভা অনুষ্ঠিত হয় |
| (ছ) | ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব, পরিচালন ও উন্নয়ন বাজেটের ১ম কোয়ার্টার অগ্রগতির প্রতিবেদন আগামী অক্টোবর/২০২৩ মাসের ৭ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১। সচিবালয়, ২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও ৩। বাংলাদেশ রেলওয়ে এর সকল বাজেট ইউনিট। | ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব, পরিচালন ও উন্নয়ন বাজেটের ১ম কোয়ার্টার অগ্রগতির প্রতিবেদন ১। সচিবালয় ২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে ০৮ অক্টোবর ২০২৩ এবং বাংলাদেশ রেলওয়ে হতে ০৬ নভেম্বর ২০২৩ পাওয়া গেছে। |

০৩। আলোচ্যসূচি-২ : রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর)রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার সচিবালয়, দপ্তর /অধিদপ্তর হিসাবে রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের আয়ের পরিসংখ্যান নিম্নোক্ত ছকে প্রদান করা হলোঃ

রাজস্ব প্রাপ্তি : ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর)

(অংকসমূহ হাজার টাকায়)

| বাজেট | | সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | রেলপথ পরিদর্শন অধিদপ্তর | বাংলাদেশ রেলওয়ে | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | কেন্দ্রীয়াঞ্চল | পূর্বাঞ্চল | পশ্চিমাঞ্চল |
| বাজেট ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা | ৬,৪২ | - | ৫০,০০ | ১৩১৫,৭৩,২১ | ১৪৮৪,৬৫,১৪ |
| | সর্বমোট, রেলপথ মন্ত্রণালয় | ২৮০০,৯৪,৭৭ | | | | |
| বাজেট ২০২৩-২৪ (১ম কোয়ার্টার) | অর্জন (১ম কোয়ার্টার) (রাজস্ব প্রাপ্তি-২ ফরম প্রতিবেদন অনুযায়ী) | ১,২১ | ২ | ৩৬,৫৪,০০ | ২৫৬,৪৩,০০ | ১৪৯,০৬,৭৬ |
| | মোট- | ১,২১ | ২ | ৪৪২,০৩,৭৬ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | শতকরা হার | ১৫.৭৮% | | | | |
| বাজেট ২০২২-২৩ (সংশোধিত) | লক্ষ্যমাত্রা | ৭,০০ | - | ১,৩০,৫৫ | ৯৮৮,৫৮,০০ | ১৩৭৮,০৫,৯৬ |
| | সর্বমোট, রেলপথ মন্ত্রণালয় | ২৩৬৮,০১,৫১ | | | | |
| | প্রকৃত অর্জন | ৪৩,৯৭ | - | ১০৫,৬৬,০০ | ১০২০,৩৩,০০ | ৬৫৭,৭০,০০ |
| | সর্বমোট, রেলপথ মন্ত্রণালয় | ১৭৮৪,১২,৯৭ | | | | |
| | শতকরা হার | ৭৫.৩৪% | | | | |

সভায় উল্লেখ করা হয় রেলপথ মন্ত্রণালয়ে ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে রাজস্ব প্রাপ্তির অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে সকল বাজেট ইউনিট ভিত্তিক অর্থনৈতিক কোডের বিপরীতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা বা ব্যয়ের তথ্য প্রদান করা হয়নি এবং আইবাস++ সিস্টেমে এন্ট্রি করা হয়নি। রাজস্ব প্রাপ্তির হিসাবরক্ষণ বিদ্যমান সমস্যার সমাধানসহ বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আইবাস++ সিস্টেমের সমস্যার সমাধান করা প্রয়োজন। অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে বাজেট ইউনিট ভিত্তিক অর্থনৈতিক কোডের বিপরীতে কোয়ার্টার ভিত্তিক বিস্তারিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও অর্জন প্রেরণের জন্য সংশ্লিষ্ট ডিডিওদেরকে পুনরায় অনুরোধ করা হয়।

০৪। আলোচ্যসুচি-৩: রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) পরিচালন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২০২৩-২৪ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আলোকে অধীনস্থ দপ্তর/পরিদপ্তর হিসেবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়েভুক্ত ১১৭ টি বাজেট ইউনিটের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরুপ:

রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) পরিচালন ব্যয় সার-সংক্ষেপ

(অংকসমূহ হাজার টাকায়)

| বাজেট | | সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | রেলপথ পরিদর্শন অধিদপ্তর | বাংলাদেশ রেলওয়ে |
|---|---|---|---|---|
| বাজেট ২০২৩-২৪ | পরিচালন ব্যয় | ১৮,৫৮,০০ | ৮৭,০০ | ৪০৩১,১৮,০০ |
| | পরিচালন (সাধারন কার্যক্রম) | ১৮,০০,০০ | ৮৭,০০ | ১৬২৪,৬৬,৪২ |
| | পরিচালন (বিশেষ কার্যক্রম) | ৫৮,০০ | - | ২৪০৬,৫১,৫৮ |
| | সর্বমোট, রেলপথ মন্ত্রণালয়- | ৪০৫০,৬৩,০০ | | |
| বাজেট ২০২৩-২৪ (১ম কোয়ার্টার) | পরিচালন ব্যয় | ২,০৯,৪৪ | ৯,৫৯ | ৯০২,৬২,৩৩ |
| | পরিচালন (সাধারন কার্যক্রম) | ২,০৯,৪৪ | ৯,৫৯ | ৩১৪,৮২,০২ |
| | পরিচালন (বিশেষ কার্যক্রম) | - | - | ৫৮৭,৮০,৩১ |
| | সর্বমোট, রেলপথ মন্ত্রণালয়- | ৯০৪,৮১,৩৬ | | |
| | অর্জনের শতকরা হার | ২২.৩৩% | | |
| | পরিচালন ব্যয় | ১৬,০৪,৮২ | ৫০,৫০ | ৩৮৬৫,১১,৬০ |
| | পরিচালন (সাধারন কার্যক্রম) | ১৫,৯০,৮২ | ৫০,৫০ | ১৫১১,৪৯,৭৪ |
| | পরিচালন (বিশেষ কার্যক্রম) | ১৪,০০ | - | ২৩৫৩,৬১,৮৬ |

| | | | | |
|---|---|---|---|---|
| বাজেট ২০২২-২৩ (সংশোধিত) | সর্বমোট, রেলপথ মন্ত্রণালয়- | ৩৮৮১,৬৬,৯২ | | |
| | প্রকৃত অর্জন | ১০,৯২,৪১ | ৩৪,৭৬ | ৩৩০৭,৪৮,৩৯ |
| | পরিচালন (সাধারন কার্যক্রম) | ১০,৮৫,৭০ | ৩৪,৭৬ | ১১২১,৬৮,৩৭ |
| | পরিচালন (বিশেষ কার্যক্রম) | ৬,৭২ | - | ২১৮৫,৮০,০২ |
| | সর্বমোট অর্জন, রেলপথ মন্ত্রণালয়- | ৩৩১৮,৭৫,৫৬ | | |
| | শতকরা হার | ৮৫.৫০% | | |

০৫। আলোচ্যসূচি-৪: রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) উন্নয়ন বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২০২৩-২৪ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আলোকে অধীনস্থ বাংলাদেশ রেলওয়ের ২৮ টি প্রকল্পের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রকৃত ব্যয় সংক্রান্ত ছক নিম্নরুপ:

**রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) উন্নয়ন বাজেট অগ্রগতি**

(অংকসমূহ হাজার টাকায়)

| বাজেট | | সচিবালয়, রেলপথ মন্ত্রণালয় | রেলপথ পরিদর্শন অধিদপ্তর | বাংলাদেশ রেলওয়ে |
|---|---|---|---|---|
| বাজেট ২০২৩-২৪ | উন্নয়ন বাজেট | ৫৮৭,১৮,০০ (সংরক্ষিত) | - | ১৪৩৭২,৮৮,০০ |
| | জিওবি | ৫৮৭,১৮,০০ | - | ৪৩৮১,৫২,০০ |
| | ডিপিএল | | | ৯৯৯১,৩৬,০০ |
| | সর্বমোট রেলপথ মন্ত্রণালয় | ১৪৯৬০,০৬,০০ | | |
| বাজেট ২০২৩-২৪ (১ম কোয়ার্টার) | উন্নয়ন ব্যয় | - | - | ২১৩৭,৪৬,৩৫ |
| | জিওবি | - | - | ৪১৩,৩৬,৭৮ |
| | ডিপিএল | - | - | ১৭২৪,০৯,৫৭ |
| | প্রকৃত অর্জন সর্বমোট রেলপথ মন্ত্রণালয় | ২১৩৭,৪৬,৩৫ | | |
| | অর্জনের শতকরা হার | ১৪.২৮% | | |
| বাজেট ২০২২-২৩ (সংশোধিত) | উন্নয়ন বাজেট | - | - | ১২৫৯৬,৪৭,০০ |
| | প্রকৃত অর্জন (জিওবি) | - | - | ৩৫৩৩,৪৭,৫৭ |
| | প্রকৃত অর্জন (পিএ) | - | - | ৭৮৬১,১৩,৪২ |
| | মোট অর্জন | | | ১১৩৯৪,৬০,৯৯ |
| | সর্বমোট রেলপথ মন্ত্রণালয় | ১১৩৯৪,৬০,৯৯ | | |
| | শতকরা হার | ৯০.৪৬% | | |

০৬। আলোচ্যসুচি-৫ :আইবাস ++ সিস্টেম সংক্রান্ত জটিলতা পর্যালোচনা।

সভায় জানানো হয়, আইবাস ++ সিস্টেম এ প্রাপ্ত বাজেট পর্যালোচনায় দেখা যায় বিভিন্ন বাজেট ইউনিট কর্তৃক অনেক দাপ্তরিক অর্থনৈতিক কোডে বাজেট চাহিদা বা বরাদ্দ প্রাক্কলন করা হয় না। রাজস্ব প্রাপ্তির আইবাস++ এ তথ্য এন্ট্রি করা হয় না। রাজস্ব প্রাপ্তি কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা, অর্জন ও শতকরা হার প্রদর্শিত হয় না। রাজস্ব প্রাপ্তি অংশে বাজেট প্রস্তুতকালীন সচিবালয়, রেলপথ পরিদর্শন বিভাগ এবং বাংলাদেশ রেলওয়ে কে সঠিকভাবে এন্ট্রি দেয়া প্রয়োজন। বাংলাদেশ রেলওয়ের পরিচালন বিশেষ কার্যক্রম বাজেটের কোন ব্যয় ডিডিও ভিত্তিক পাওয়া যায় না, ডিডিও ভিত্তিক Progress Report অথবা অর্থনৈতিক কোড ভিত্তিক Progress Report পাওয়া যায় না। জিআইবিআর আইবাস++ এ তথ্য এন্ট্রি সঠিকভাবে প্রতিফলিত হয় না। বাংলাদেশ রেলওয়ের পরিচালন (বিশেষ কার্যক্রম) বাজেট হতে সাধারণ কার্যক্রম বাজেটে কোন পুন:উপযোজন করা হলেও আইবাস++ এ তথ্য সংযোজন হয়না বা চুড়ান্তভাবে ৩০ জুনের পরেও প্রিন্ট কপিতে তার প্রতিফলন হয়না।

০৭। আলোচ্যসূচি-৬: বিবিধ আলোচনা

সভায় উল্লেখ করা হয় রেলপথ মন্ত্রণালয় এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সময়ে পুন:উপযোজন বিষয়ে মোট ৫ টি অফিস আদেশ জারী করা হয় এবং এতে সংশ্লিষ্ট সর্বমোট অর্থের পরিমাণ-৩৪.৯৫ কোটি টাকা। সভায় সংশোধিত বাজেট ২০২৩-২৪ এর প্রাক প্রস্তুতিবিষয়ক পর্যালোচনা করা হয়। এ বিষয়ে চলতি বছরের ডিসেম্বর মাসে রেলপথ মন্ত্রণালয় এর সকল বাজেট ইউনিট সমন্বয়ে সংশোধিত বাজেট ২০২৩-২৪ বিষয়ে বিএমসি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| (ক) | অর্থ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অর্থনৈতিক কোড ভিত্তিক এবং ১ম-৪র্থ কোয়ার্টার অনুযায়ী রাজস্ব আয়ের প্রাপ্তি ১ ও ২ ফরমে, পরিচালন ব্যয়ের গ-১ ফরমে, উন্নয়ন ব্যয়ের গ-২ যথাযথভাবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের সকল প্রতিষ্ঠান প্রধান/১১৭ টি বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের নির্ধারিত সময়ে তথ্য ও আইবাস রিপোর্ট প্রেরণ করতে হবে। প্রতি কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে হার্ডকপি ও সফটকপি প্রেরণ করতে হবে উক্ত তথ্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। জিআইবিআর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর,<br>৪। উপসচিব, প্রশাসন-৪ , রেলপথ মন্ত্রণালয়<br>৫। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে |
| (খ) | বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল রাজস্ব আয়ের প্রতিটি খাতের অর্থনৈতিক কোড ভিত্তিক আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং আইবাস++ সিস্টেমে যথাযথভাবে তার এন্ট্রি প্রদান করতে হবে। প্রতি কোয়ার্টার ভিত্তিক রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও অর্জনের অগ্রগতির তথ্য বিগত অর্থবছরের একই সময়ের লক্ষ্যমাত্রা ও অর্জন উল্লেখসহ অর্থ বিভাগ জারীকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত ফরমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পশ্চিমাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে |
| (গ) | ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেটের আওতায় বিশেষ কার্যক্রমভুক্ত বাজেটের কোয়ার্টারভিত্তিক বরাদ্দ বিভাজন ও এতদসংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটের এপিপি যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| (ঘ) | বাজেট ব্যবস্থাপনা বিষয়ের উপর গতিশীলতা আনয়নের লক্ষ্যে যথারীতি বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কার্যালয়, পূর্বাঞ্চল এবং পশ্চিমাঞ্চলকে স্বস্ব বাজেট ইউনিট সমন্বয়ে প্রতি মাসে বাজেট বিষয়ক সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাশীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে<br>৩। মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে |
| (ঙ) | রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও অর্জন এন্ট্রি বিষয় এবং আইবাস সিস্টেমের বিভিন্ন সমস্যা নির্ধারণ ও সমাধানের লক্ষ্যে ডিসেম্বর মাসে অর্থ বিভাগ সমন্বয়ে বিশেষ সভা আয়োজন করতে হবে। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয় ও অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবে। বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে আইবাস সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য নিয়মিতভাবে অর্থ বিভাগের আইবাস++ এর প্রতিনিধিকে বিএমসি সভায় অংশগ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে<br>৩। উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা |
| (চ) | রেলপথ মন্ত্রণালয় এর সকল বাজেট ইউনিট সংশোধিত বাজেট ২০২৩-২৪ এর প্রাক প্রস্তুতিবিষয়ক কার্যক্রম গ্রহন করিবে এবং ডিসেম্বর মাসে এ বিষয়ে সভা আয়োজন করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)।<br>(৩) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা |
| (ছ) | ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব, পরিচালন ও উন্নয়ন বাজেটের ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতির প্রতিবেদন আগামী জানুয়ারি/২০২৪ মাসের ০৭ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ১। সচিবালয় ২। রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও ৩। বাংলাদেশ রেলওয়ে এর সকল বাজেট ইউনিট ৪। প্রকল্প পরিচালক |

৯। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাই-কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মো: হুমায়ুন কবীর
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৪.২০.০০২.২৩-২৬২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [(দৃ:আ: যুগ্মসচিব (বাজেট-৫)];
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [(দৃ:আ: উপসচিব (নড়ডিক অধিশাখা)];
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্মপ্রধান, রেলপরিবহন উইং);
৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ);
৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৭) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৮) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৯) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
১০) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিপ্তর, কমলাপুর, ঢাকা;
১১) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী;
১২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৩) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৪) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
১৫) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬) সহকারী সচিব (বাজেট শাখা ১/২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রনালয়, রেলভবন, ঢাকা;
১৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মো: দুলাল মিঞা
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)